# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

## ক্রেডিট বিভাগ

নং-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪ (এসএমই)-১১(৪)/২০২২-২০২৩/ ১৪৯৮(২২৫০)

তারিখঃ ১৯/১২/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় বিতরণকৃত ঋণের তথ্য প্রেরণে অনুসরনীয় নির্দেশনাবলী প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখ ১৯/০৭/২০২২ এবং অত্র বিভাগের পত্র নং- ১০৯৭(১২৫০) তারিখ- ৩০/১০/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত মাসসমূহে মাঠ কার্যালয় হতে প্রেরিত বিতরণকৃত ঋণের তথ্যাদি পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, অসম্পূর্ণ, ভুলভ্রান্তিযুক্ত এবং তালিকাকরণ ছাড়াই তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নিমিত্তে অত্র বিভাগে প্রেরণ করা হচ্ছে। এতদ প্রেক্ষিতে নির্ধারিত সময়ে বিবরণী প্রেরণসহ পুনঃঅর্থায়ন প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে যা কোন ভাবেই কাম্য নয়। বিবরণী প্রেরণের ক্ষেত্রে যে সকল অসঙ্গতি/ তথ্য বিভ্রাট দেখা যায় সেগুলো নিম্নরূপঃ

ক) বিতরণকৃত ঋণের তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক প্রতিবেদন মাসান্তে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রধান কার্যালয়ের অত্র বিভাগে প্রেরণ করা হয় না;

খ) আলোচ্য স্কীমের আওতায় চলতি মূলধন হিসাবে বিতরণকৃত ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ০১ (এক) বছর। মেয়াদী ঋণের মেয়াদ (০/৩/৬) মাসের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৬০ মাস (৫ বছর)। বিতরণকৃত ঋণের মেয়াদ মঞ্জুরিপত্রের সাথে পোর্টাল এবং সিবিএস (কম্পিউটার) এ একই হতে হবে। ঋণের মেয়াদ মঞ্জুরীপত্র , পোর্টাল এবং সিবিস (কম্পিউটার) এ ভিন্ন ভিন্ন প্রদর্শন করা হয়;

গ) উদ্যোগের ধরণ/ব্যবসায়ের প্রকৃতির উপর ভিত্তি করে ঋণ আদায়ের ক্ষেত্রে মাসিক/ ত্রৈমাসিক/ ষাণ্মাসিক ভিত্তিতে কিস্তির সংখ্যা ও পরিমান নির্ধারিত হবে। মঞ্জুরিপত্রের ঋণের কিস্তির পরিমাণ এবং সিবিএস (কম্পিউটার) এ কিস্তির পরিমাণ একই হতে হবে। অথচ তথ্য বিভ্রাট দেখা যায়;

ঘ) শাখা কর্তৃক প্রদত্ত তথ্য আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যলয়-এ পাঠাতে হবে। আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যলয় কর্তৃক যাচাই অন্তে তালিকাভুক্ত করে বিভাগীয় কার্যালয়ে এবং বিভাগী কার্যালয় আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যলয় হতে প্রাপ্ত তথ্যাদি একীভূত করে নির্ধারিত ছকে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

ঙ) বিতরণকৃত ঋণের গ্রাহক প্রতিষ্ঠানের নাম মঞ্জুরিপত্রের সাথে পোর্টাল এবং সিবিএস (কম্পিউটার) এ একই হতে হবে।

০৩। পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিতরণকৃত মেয়াদী ঋণের মঞ্জুরিপত্র, লোন স্টেটমেন্ট, ট্রেড লাইসেন্স, গ্রাহকের জাতীয় পরিচয়পত্র, ঋণ ব্যবহারের ঘোষণাপত্র ও প্রয়োজনীয় সংযুক্তিসহ মাসিক ভিত্তিতে বিবরণী মাসান্তে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসঙ্গতি ও ভুল তথ্য সম্বলিত বিবরণী প্রেরণ করার কারণে বাংলাদেশ ব্যাংক হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে বা ব্যাংকের কোন আর্থিক ক্ষতি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে।

০৪। **বিষয়টি অতীব জরুরী।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৯/১২/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় বিতরণকৃত ঋণের তথ্য প্রেরণে অনুসরনীয় নির্দেশনাবলী প্রসঙ্গে।

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ /এসএমই (শাখা-৪)/১১(৪)/২০২২-২০২৩/ ২৪৯৮(১২০০) তারিখঃ ১৯/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mosarin
১৯/12/2022
(মুহাম্মদ মোশাররফ হোসন)
সহকারী মহাব্যবস্থাপক